

বিভাগীয় শহরে জাতীয় বিশ্ববিদ্যালয়ের শাখা খোলা হচ্ছে

যাযাদি রিপোর্ট

দেশের ছয়টি বিভাগে জাতীয় বিশ্ববিদ্যালয়ের পৃথক ছয়টি শাখা খোলার উদ্যোগ নেয়া হয়েছে বলে জানিয়েছেন, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান এ. অধ্যাপক নজরুল ইসলাম। দেশের শিক্ষণ ব্যবস্থাকে আরো বেশি আধুনিক ও গতিশীল করতে সরকার এ উদ্যোগ গ্রহণ করেছে। শনিবার রাজধানীতে বাংলাদেশ ইকোনমিক অ্যান্ড সোসায়েশন আয়োজিত সেমিনারে ইউজিসি চেয়ারম্যান একথা বলেন।

তিনি বলেন, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজগুলোর প্রশাসনিক কার্যক্রম আরো বেশি ত্বরান্বিত ও গতিশীল করতে দেশের ছয়টি বিভাগে পৃথক ছয়টি শাখা খোলা হচ্ছে। ঞ্চলীয় বিশ্ববিদ্যালয়ের উদ্যোগ নিয়ে পর্যায়ক্রমে শাখাগুলোকে পাবলিক বিশ্ববিদ্যালয় হিসেবে রূপদান করা হবে বলে শাখা পৃষ্ঠা ১৫ কলাম ৮

শাখা : বিভাগীয়

(পের পৃষ্ঠার পর)

জানান তিনি। এ সময় জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য কাজী শহীদুল্লাহ জানান, প্রশাসনিক কার্যক্রম গতিশীল করতে বিশ্ববিদ্যালয়ের শাখাগুলোর জন্য আরো একজন প্রেসিডেন্সি নিয়োগ দেয়া হবে। জানা গেছে, বর্তমান সরকার জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ১ হাজার ৮শ কলেজ ছয়টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের অধীনে ন্যস্ত করার চিন্তাভাবনা করে। কর্তৃপক্ষ জাতীয় বিশ্ববিদ্যালয়কে সেন্টার অফ এগ্রিলেচন হিসেবে প্রতিষ্ঠার লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের কর্মকাণ্ড যিকেন্দ্রীকরণ এবং অধিভুক্ত কলেজগুলোকে সুরিয়ে নেয়ার সিদ্ধান্ত নেয়। দেশের শিক্ষাবিদ, স্বচ্ছন্দী, মুশীল সমাজের প্রতিনিধি এবং সর্গিস্টদের কাছ থেকে এ লক্ষ্যে গৃহীত কমিটি কোনো সফল পায়নি বলে জানা যায়। এ কারণে সরকারকে সুপারিশ প্রদানের জন্য ইউজিসির চেয়ারম্যানকে প্রধান করে ১১ সদস্যের একটি উচ্চ সমতাসম্পন্ন কমিটি গঠন করা হয়। ৮ এপ্রিল ছিল কমিটির প্রথম বৈঠক। কমিটি এ পর্যন্ত তিনটি বৈঠক করেছে। বিভিন্ন সূত্রে জানা গেছে, নানান দিক চিন্তাভাবনা করে বিশ্ববিদ্যালয়ের ইমেজ সফট করাতে কমিটির নতুন কিছু সুপারিশ করে। গাজীপুর ক্যাম্পাসের ওপর চাপ কমাতে বিভাগীয় শহরগুলোতে বিশ্ববিদ্যালয়ের অঞ্চলিক শাখা খোলার জন্য সুপারিশ করে